# অনাদায়ী ও সন্দেহযুক্ত পাওনা সঞ্চিতি

ইউনিট ৩

## ভূমিকা

ধারে পণ্য বিক্রয় করা ব্যবসায়িক জগতে খুব প্রচলিত ঘটনা। আজকাল ধারে পণ্য বিক্রয় ছাড়া ব্যবসা একরকম হয় না বললেই চলে। এটি মূলতঃ ক্রেতা-বিক্রেতার মধ্যে বিশ্বাসের সম্পর্ক সৃষ্টি হওয়ার ফলে সম্ভব হয়। বিশ্বাসের সম্পর্ক যত মজবুতই হোক না কেন ধার লেনদেনের একটি অংশ অনাদায়ী থেকে যায়। এ কারণে ব্যবসার আর্থিক অবস্থার পরিবর্তন হয়। সুতরাং এ বিষয়টি হিসাবভুক্ত করা একটি বাঞ্জনীয় বিষয়। এ ইউনিটটি পাঠ করে আপনি অনাদায়ী পাওনা এবং সন্দেহজনক পাওনার হিসাবরক্ষণ পদ্ধতি সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবেন। এবার আসুন আমরা এ ইউনিটের পাঠগুলো একের পর এক ধারাবাহিকভাবে পড়তে থাকি।

| | |
|---|---|
| ইউনিট সমাপ্তির সময় | ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২সপ্তাহ |

**সংজ্ঞা**

ব্যবসার ধার বা বাকীতে বিক্রয়ের পরিমানকে একটি আলাদা হিসাবে লিপিবদ্ধ করা হয়। এ হিসাবটিকে বিবিধ দেনাদার (Sundry Debtor) বলা হয়। সারা বছর ধরে বিক্রয় করা হয় এবং নির্দিষ্ট সময় পর পর তা আবার আদায় হয়। অর্থ আদায় হলে বিবিধ দেনাদারের ব্যালেন্স (Balance) করে। আবার বিক্রয় হলে বিবিধ দেনাদার হিসাবের ব্যালেন্স বৃদ্ধি পায়। ধারে বিক্রয়ের অর্থ আদায় না হওয়া ব্যবসায়ের একটি ঝুঁকি। এ ধরনের ঝুঁকি খুবই স্বাভাবিক। কারণ দেনাদার দেওলিয়া হতে পারেন,মারা যেতে পারেন ইত্যাদি। সুতরাং এ ধারে বিক্রয়ের যে অংশ পাওয়ার কোন সম্ভবনা নেই তাকে কু-ঋণ (Bad debts) বলে। এটি ব্যবসায়ের ক্ষতি। এর ফলে বিবিধ দেনাদার হিসাবটির ব্যালেন্স কমে যাবে।

আগেই বলছি যে, ধারে বিক্রয়ের অর্থ প্রাপ্তির জন্য একটি সময় নির্ধারণ করে দেওয়া হয়। এই নির্ধারিত সময় অতিবাহিত না হলে বিক্রয়কৃত অর্থ আদায়ের জন্য চাপ দেওয়া যায় না। সুতরাং এ পাওনা অর্থ অনাদায়ী পাওনায় (Bed debt) পরিণত হবে কিনা তা ঐ সময় অতিবাহিত হওয়ার আগে বলা যাবে না। ধরুন, রহিম এন্ট্রারপ্রাইজ ৩ মাসের মেয়াদের জন্য ডিসেম্বর ২০০৪, ১ তারিখে করিম এন্ট্রারপ্রাইজের কাছে ধারে পণ্য বিক্রয় করল। ধরে নিন, রহিম এন্ট্রারপ্রাইজের ৩১শে ডিসেম্বর ২০০৪-এ হিসাব বর্ষ শেষ হবে। এ দিনে অবশ্যই হিসাবগুলো সমাপ্ত করে চূড়ান্ত হিসাব প্রণয়ন করতে হবে। যদি ৩ মাস পর এ পাওনা অর্থ অনাদায়ী পাওনায় পরিণত হয় তা বুঝার জন্য তিন মাস অপেক্ষা করতে হবে। কিন্তু এ ক্ষেত্রে এটি একটি খরচ বলে বিবেচিত হবে এবং তা ২০০৪ সালের খরচ। হিসাববিজ্ঞানের নীতি অনুযায়ী নির্দিষ্ট হিসাব বর্ষের খরচ ঐ বছরেই দেখাতে হবে। এখানে যদি ৩১ ডিসেম্বর মাসে হিসাব শেষ করা হয় এ খরচটি কোন অবস্থায় দেখানো যায় না। যে কারণে অতীত অবস্থার আলোকে এ ধরনের খরচের জন্য আগে থেকেই একটি সম্ভাব্য পরিমাণ শতকরা হিসেবে নির্ধারিত বছরে দেখানো হয়। এটি মূলতঃ ভবিষ্যৎ ব্যবস্থা (Provision) বা ভবিষ্যতের জন্য সঞ্চিতি (reserve)। এ ধরনের Proveision কে প্রতি বছর ধারাবাহিকভাবে লাভ-লোকসান হিসাবে দেখানো (Charge) হলে অনাদায়ী পাওনা (Bed debt) স্বয়ংক্রিয়ভাবে সমন্বয় হয়ে যায়। এতে হিসাববিজ্ঞানের নীতি অনুসরণ করে ব্যবসায়ের প্রকৃত ফলাফল নিরূপণ করা যায়।

**অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি তৈরী করার পদ্ধতি ঃ**

অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি তৈরী করার পদ্ধতি নিম্নে আলোচনা করা হলো ঃ

হিসাব বৎসরে ধারে বিক্রয়ের ফলে সৃষ্ট দেনাদারদের নিকট হতে অনাদায়ী দেনা বাদ দেওয়ার পরও বিবিধ দেনাদারদের নিকট হতে সম্পূর্ণ টাকা পাওয়া যাবে কিনা এ ব্যাপারে সন্দেহ থেকে যায়। অতীত অভিজ্ঞতার আলোকে এবং বন্টনযোগ্য নীট মুনাফা সঠিকভাবে নির্ণয়ের লক্ষ্যে বিবিধ দেনাদারদের উপর নির্ধারিত শতকরা হারে ভবিষ্যত সম্ভাব্য অনাদায়ী দেনার জন্য আগাম ব্যবস্থা করা হয়। এ রূপে আগাম ব্যবস্থার দ্বারা প্রতিষ্ঠানের রাজস্ব আয় হতে যে সঞ্চিতি রাখা হয় তাকেই অনাদায়ী দেনা সঞ্চিতি বলে। এরূপ সঞ্চিতি তৈরী করার পদ্ধতি হলো ঃ

১. প্রথম বৎসর এ জাতীয় সঞ্চিতি সৃষ্টি করার সিদ্ধান্ত নেয়া হলে বৎসর শেষে বিবিধ দেনাদারের উপর নির্ধারিত শতকরা হারে হিসাব করে সঞ্চিতির পরিমাণ বের করতে হয়। এভাবে লিখিত সঞ্চিতি লাভ-ক্ষতি হিসাবে ডেবিট করে অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাবকে ক্রেডিট করতে হয়।

২. রেওয়ামিলে অনাদায়ী দেনা থাকলে কিন্তু অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাবের জের না থাকলে এবং অনাদায়ী দেনাও সন্দেহজনক দেনা সঞ্চিতি সৃষ্টি করার সিদ্ধান্ত গ্রহণ করা হলে বৎসর শেষে বিবিধ দেনাদারের উপর সিদ্ধান্ত অনুসারে শতকরা হারে এরূপ সঞ্চিতির পরিমাণ বের করে নিতে হয় । এরপর অনাদায়ী দেনা এবং অনাদায়ী ও সন্দেহজনক দেনা সঞ্চিতিকে লাভ-ক্ষতি হিসাবে ডেবিট করে হিসাব করতে হয়। এক্ষেত্রে জাবেদা দাখিলা হবে নিম্নরূপ ঃ

| তারিখ | বিবরণ | খ পৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৬ | লাভ-ক্ষতি হিসাব ডেঃ | | টাকা | টাকা |
| | অনাদায়ী দেনা হিসাব ক্রেঃ | | ............... | |
| | অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাব ক্রেঃ | | | .............. |
| | (অনাদায়ী দেনা এবং অনাদায়ী ও সন্দেহজনক দেনা সঞ্চিতি লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তরিত হলো) | | | |

৩. রেওয়ামিলে অনাদায়ী দেনা এবং অনাদায়ীদেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাবের জের দেয়া থাকলে এবং নুতন অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি সৃষ্টি করার সিদ্ধান্ত নেয়া হলে প্রথমত সিদ্ধান্ত মোতাবেক বিবিধ দেনাদারের উপর অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতির পরিমাণ বের করে নিতে হয় এবং তা নিম্নরূপে হিসাবভুক্ত করতে হয় ঃ

অনাদায়ী দেনার সহিত নূতন অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি যোগ করে তা হতে পুরাতন দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি বিয়োগ করলে যদি ডেবিট উদ্বৃত্ত পাওয়া যায় তা দ্বারা লাভ-ক্ষতি হিসাবকে ডেবিট করতে হয়। অথবা যদি ক্রেডিট উদ্বৃত্ত পাওয়া যায় তা দ্বারা লাভ-ক্ষতি হিসাবকে ক্রেডিট করতে হয়। এর জন্য জাবেদা এন্ট্রি হবে নিম্নরূপ ঃ

| তারিখ | বিবরণ | খ পৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৬ | লাভ-ক্ষতি হিসাব ডেঃ | | টাকা | টাকা |
| | অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাব ক্রেঃ | | .............. | |
| | (অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতির ডেবিট উদ্বৃত্ত লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তরিত করা হলো) | | | .............. |
| | অথবা | | | |
| | অনাদায়ী দেনা এবং সন্দেহজনক দেনা সঞ্চিতি হিসাব ডেঃ | | | |
| | লাভ-ক্ষতি হিসাব ক্রেঃ | | | |
| | (অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতির ক্রেডিট উদ্বৃত্ত লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তরিত করা হলো) | | | |

উল্লেখ্য যে নূতন অনাদায়ী দেনা ও সন্দেহজনক দেনা সঞ্চিতি উদ্বৃত্ত পত্রে সম্পত্তির দিকে বিবিধ দেনাদার হতে বিয়োগ করে দেখাতে হয়। অথবা দেনাদার হতে নূতন সঞ্চিতি বিয়োগ না করে উদ্বৃত্ত পত্রে দায় পার্শ্বে প্রদর্শন করা হয়।

**কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতির হিসাব প্রক্রিয়া ঃ**

নিম্নে কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতি হিসাবের বহিতে লিপিবদ্ধ করার প্রক্রিয়া দেখানো হলো -

১. একটি নতুন কারবারী প্রতিষ্ঠানের বৎসরান্তে রেওয়ামিলের পর সমন্বয়ে (Adjustments) যদি কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতি ধার্য করার কথা উল্লেখ থাকে, সে ক্ষেত্রে নিম্নের জাবেদার মাধ্যমে কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতি হিসাবভুক্ত করা হবে-

ক. ধার্যকৃত নতুন কু-ঋণের জন্য

| | | |
|---|---|---|
| কু-ঋন হিসাব | ডেঃ | কু-ঋণের পরিমাণ দিয়ে |
| বিবিধ দেনাদার হিসাব | ক্রেঃ | |

* এরপর উক্ত ধার্যকৃত নতুন কু-ঋণের ডেবিট উদ্বৃত্ত নিম্নলিখিত জাবেদার মাধ্যমে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর করতে হয়।

| | | |
|---|---|---|
| খ. লাভ-লোকসান হিসাব | ডেঃ | কু-ঋণের মোট |
| কু-ঋণ বা অনাদায়ী ঋণ হিসাব | ক্রেঃ | পরিমাণ দিয়ে |

* নতুন কু-ঋণ সঞ্চিতি নির্ণয় করার ক্ষেত্রে রেওয়ামিলে উল্লেখিত দেনাদারের পরিমাণ হতে নতুন কু-ঋণ বা অনাদায়ী ঋণ (Bad Debts) বাদ দিয়ে অবশিষ্ট দেনাদারের উপর কু-ঋণ ও সন্দেহযুক্ত ঋণ সঞ্চিতি (Reserve for Bad and Doubtful Debts) নির্ধারণ করতে হয়। নির্ধারিত কু-ঋণ ও সন্দেহযুক্ত ঋণ সঞ্চিতি নিম্নোক্ত জাবেদার মাধ্যমে লাভ-লোকসান হিসাবে স্থানান্তরিত করতে হয় ঃ

| | | |
|---|---|---|
| গ. লাভ-লোকসান হিসাব | ডেঃ | কু-ঋণ ও সন্দেহযুক্ত ঋণের |
| কু-ঋণ ও সন্দেহযুক্ত ঋণ সঞ্চিতি হিসাব | ক্রেঃ | পরিমাণ দিয়ে |

* উদ্বৃত্তপত্র প্রণয়নকালে উপরে উল্লেখিত কু-ঋণ (Bad Debts) এবং কু-ঋণ ও সন্দেহযুক্ত ঋণ সঞ্চিতি (Reserve for Bad and Doubtful Debts) উভয়টিই রেওয়ামিলে উল্লেখিত দেনাদারের পরিমাণ হতে পর পর বিয়োগ করে উদ্বৃত্ত পত্রের সম্পত্তি পার্শ্বে প্রদর্শন করতে হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, কোম্পানীর ব্যবসায়ের ক্ষেত্রে কু-ঋণ ও সন্দেহযুক্ত ঋণ সঞ্চিতি উদ্বৃত্ত পত্রের সম্পত্তি পার্শ্বে বিবিধ দেনাদার হতে বিয়োগ না করে একটি আলাদা দফা হিসাবে উদ্বৃত্ত পত্রের দায় পার্শ্বে দেখানো হয়।

উদাহরণ-১। রাজশাহী এন্ড কোং-এর নিম্নলিখিত তথ্যাবলি প্রদত্ত হলোঃ

| | টাকা |
|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (১.১.২০১৭) | ৩,০০০ |
| অবলোপনকৃত অনাদায়ী পাওনা | ২,০০০ |
| প্রাপ্য হিসাব (৩১.১২.২০১৭) | ৬১,২০০ |
| অনাদায়ী পাওনা যা অবলোপন করা হয়নি | ১,২০০ |

প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে।

করণীয় :

ক. অনাদায়ী পাওনা সঞ্চিতি (নতুন) নির্ণয় করুন।

খ. উপরিউক্ত বিষয়গুলোর জাবেদা দেখান।

গ. উপরিউক্ত তথ্য হতে অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করুন।

**সমাধানঃ**

ক.

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৬১,২০০ | |
| বাদ-অলিখিত অনাদায়ী পাওনা | ১,২০০ | |
| | | ৬০,০০০ |
| সুতরাং অনাদায়ী পাওনা সঞ্চিত (৬০,০০০×৫%) | | ৩,০০০ |

খ.

| তারিখ | বিবরণ | খ: পৃ.: | টাকা | টাকা |
|---|---|---|---|---|
| ২০১৭<br>জানু-ডিসে. | অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব<br>প্রাপ্য হিসাব<br>(অনাদায়ী পাওনা হিসাবভুক্ত হলো) | | ২,০০০ | ২,০০০ |
| ডিসেঃ ৩১ | অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব<br>প্রাপ্য হিসাব<br>(অলিখিত অনাদায়ী পাওনা হিসাবভুক্ত হলো) | | ১,২০০ | ১,২০০ |
| ডিসেঃ ৩১ | অনাদায়ী পাওনা হিসাব<br>অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব<br>(অনাদায়ী পাওনা সঞ্চিতি সৃষ্ট করা হলো) | | ৩,২০০ | ৩,২০০ |
| ডিসেঃ ৩১ | আয় সারাংশ হিসাব<br>অনাদায়ী পাওনা হিসাব<br>(অনাদায়ী পাওনা হিসাব বন্ধ করা হলো) | | ৩,২০০ | ৩,২০০ |

গ.

অনাদায়ী পাওনা হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | হিসাবের নাম | জা. পৃ. | টাকা | তারিখ | হিসাবের নাম | জাঃ পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৭<br>ডিসে-৩১ | অনাদায়ী পাওনা সঞ্চিতি হি. | | ৩,২০০ | ২০১৭<br>ডিসে-৩১ | আয় সারাংশ হিসাব | | ৩,২০০ |
| | | | ৩,২০০ | | | | ৩,২০০ |

অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | হিসাবের নাম | জা. পৃ. | টাকা | তারিখ | হিসাবের নাম | জা:পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৭ | | | | ২০১৭ | | | |
| ডিসে.-৩১ | প্রাপ্য হিসাব | | ২,০০০ | জানু: ১ | ব্যালেন্স বি/ডি | | ৩,০০০ |
| ডিসে.-৩১ | প্রাপ্য হিসাব | | ১,২০০ | ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | ৩,২০০ |
| ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | | ৩,০০০ | | | | |
| | | | ৬,২০০ | ২০১৮ | | | ৬,২০০ |
| | | | | জানু: ১ | ব্যালেন্স বি/ডি | | ৩,০০০ |

**গণনা:**

১. চার্জযোগ্য অনাদায়ী পাওনা খরচ:

| | টাকা |
|---|---|
| অনাদায়ী পাওনা (২,০০০+১,২০০) | ৩,২০০ |
| যোগ-নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৩,০০০ |
| | ৬,২০০ |
| বাদ-পুরাতন অনাদায়ী সঞ্চিতি | ৪,০০০ |
| | ৩,২০০ |

**উদাহরণ-২।**

মামুন ট্রেডার্স এর ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ছিল ৫,০০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ৬,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

**করণীয় :**

ক. উপরিউক্ত লেনদেনগুলোর সমন্বয় দাখিলা দেখাও।

খ. ২০১৭ সালের অনাদায়ী পাওনা হিসাব এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত কর।

গ. উপরিউক্ত তথ্যাবলি আর্থিক বিবরণীসমূহ কিভাবে প্রাদর্শিত হবে দেখাও।

**সমাধান:**

ক. মামুন ট্রেডার্স এর সমন্বয় দাখিলা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ.: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৭<br>ডিসে.-৩১ | অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব<br>প্রাপ্য হিসাব<br>(অনাদায়ী পাওনা বাবদ অবলোকন হিসাবভুক্ত হলো) | | ৬,০০০ | ৬,০০০ |
| ডিসে: ৩১ | অনাদায়ী পাওনা হিসাব<br>অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব<br>(আনুমানিক অনাদায়ী পাওনা বা অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবভুক্ত হলো) | | ৫,৭০০ | ৫,৭০০ |
| ডিসে: ৩১ | আয় সারাংশ হিসাব<br>অনাদায়ী হিসাব<br>(অনাদায়ী পাওনা হিসাব বন্ধ করা হলো) | | ৫,৭০০ | ৫,৭০০ |

খ. অনাদায়ী পাওনা হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | হিসাবের নাম | জা. পৃ. | টাকা | তারিখ | হিসাবের নাম | জা: পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৭ ডিসে-৩১ | অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব | | ৫,৭০০ | ২০১৬ ডিসে-৩১ | আয় সারাংশ হিসাব | | ৫,৭০০ |
| | | | ৯,৪০০ | | | | ৯,৪০০ |

অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | হিসাবের নাম | জা. পৃ. | টাকা | তারিখ | হিসাবের নাম | জা:পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৭ | | | | ২০১৭ | | | |
| ডিসে.-৩১ | প্রাপ্য হিসাব | | ৬,০০০ | জানু: ১ | ব্যালেন্স বি/ডি | | ৫,০০০ |
| ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | | ৪,৭০০ | ডিসে-৩১ | অনাদায়ী পাওনা হিসাব | | ৫,৭০০ |
| | | | ১০,৭০০ | | | | ১০,৭০০ |
| | | | | ২০১৮ | | | |
| | | | | জানু: ১ | ব্যালেন্স বি/ডি | | ৪,৭০০ |

গ. মামুন ট্রেডার্স-এর বিশদ আয় বিবরণী

২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন খরচ:** | | |
| অনাদায়ী পাওনা | ৬,০০০ | |
| যোগ-নতুন সঞ্চিতি | ৪,৭০০ | |
| | ১০,৭০০ | |
| বাদ-পুরাতন সঞ্চিতি | ৫,০০০ | |
| | | ৫,৭০০ |

মামুন ট্রেডার্স-এর আর্থিক অবস্থার বিবরণী

৩১ ডিসেম্বর, ২০১৭

| সম্পত্তিসমূহ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| বাদ-অনাদায়ী সঞ্চিতি | ৪,৭০০ | |
| | | ৯৫,৩০০ |

**উদাহরণ ৩।**

নিম্নলিখিত তথ্যাবলী হইতে অনাদায়ী দেনা সঞ্চিতি বাহির করিয়া বিশদ আয় বিবরণীর হিসাবে স্থানান্তর করার প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখান ঃ

১লা জানুয়ারি, ২০১৭ তারিখে অনাদায়ী দেনা সঞ্চিতির পরিমাণ ৩,০০০ টাকা। ৩১শে ডিসেম্বর, ২০১৭ তারিখে বিবিধ দেনাদার ৪০,০০০ টাকা এবং অনাদায়ী দেনার পরিমাণ ছিল ১২০০ টাকা। বিবিধ দেনাদারের উপর ১০% অনাদায়ী দেনার সঞ্চিতি রাখিতে হইবে।

**সমাধান ঃ**

অনাদায়ী দেনা সঞ্চিতির পরিমান ৪০,০০০ × ১০% = ৪,০০০ টাকা।

অনাদায়ী দেনা সঞ্চিতি বিশদ আয় বিবরণী হিসাবে স্থানান্তরিত হইবে ঃ-

| | | |
|---|---|---|
| অনাদায়ী দেনা | = | ১২০০ টাকা |
| যোগ ঃ নতুন সঞ্চিতি | = | ৪,০০০ টাকা |
| | | ৫২০০ টাকা |
| বাদ ঃ পুরাতন সঞ্চিতি | = | ৩০০০ টাকা |
| | | ২২০০ টাকা |

জাবেদা দাখিলা

| তারিখ | বিবরণ | | খঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ৩১ডিসেঃ ২০১৭ | অনাদায়ী দেনা হিসাব | ডেঃ | | ১২০০ | |
| | দেনাদার হিসাব | ক্রেঃ | | | ১২০০ |
| | (দেনাদারকে অনাদায়ী দেনার পরিমাণ দ্বারা কমানো হলো) | | | | |
| | অনাদায়ী দেনা সঞ্চিতি হিসাব | ডেঃ | | ১২০০ | |
| | অনাদায়ী দেনা হিসাব | ক্রেঃ | | | ১২০০ |
| | (অনাদায়ী দেনার পরিমাণ দ্বারা অনাদায়ী দেনা সঞ্চিতি কমানো হলো) | | | | |
| | বিশদ আয় বিবরণী হিসাব | ডেঃ | | ২২০০ | |
| | অনাদায়ী দেনা সঞ্চিতি হিসাব | ক্রেঃ | | | ২২০০ |
| | (১০% অনাদায়ী দেনা সঞ্চিতি রক্ষণের নিমিত্তে ২২০০ টাকা দ্বারা বিশদ আয় বিবরণী হিসাব কমানো হলো) | | | | |

## ইউনিটোত্তর মূল্যায়ন

**নৈর্ব্যক্তিক প্রশ্ন:**

১। প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা। মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৬,০০০ টাকা। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ১০ % বাট্টা সঞ্চিতি ধরা হলে, বাট্টা সঞ্চিতির পরিমাণ কত? (রেওয়ামিলে অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা)

ক) ২,০০০ টাকা খ) ২,৪০০ টাকা গ) ২,৮০০ টাকা ঘ) ৩,০০০ টাকা

২। হিসাবকাল শেষে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত দ্বারা কি বুঝায়?

ক) আয় খ) সম্পদ গ) দায় ঘ) মালিকানাস্বত্ব

৩। আনামুল ট্রেডার্স-এর ২০১৪ সালের ধারে বিক্রয় ২০,০০০ টাকা। অনুমান করা যাচ্ছে যে অনাদায়ী পাওনার পরিমাণ বৎসরে ১০% হবে। এই পরিস্থিতিতে আনামুল ট্রেডার্স কী ব্যবস্থা নেবে?

ক) বাকিতে বিক্রয় না করা খ) দেনাদারের সাথে খারাপ ব্যবহার করা

গ) নগদ বাট্টার পরিমাণ বাড়িয়ে দেওয়া ঘ) অনাদায়ী পাওনার জন্য ভবিষ্যৎ ব্যবস্থা রাখা

৪। সন্দেহজনক দেনা সঞ্চিতির প্রতিষ্ঠানের জন্য?

ক) আয় খ) ব্যয় গ) আন্ত: দায় ঘ) বহি:দায়

**সৃজনশীল প্রশ্ন:**

১। ২০১৭ সালের ৩১শে ডিসেম্বর তারিখে জনাব চৌধুরীর নিম্নলিখিত লেনদেনগুলির প্রয়োজনীয় জাবেদা দাখিলা লিখুন ঃ

অনাদায়ী দেনা = ৫০০ টাকা
মোট দেনাদার = ৫,০০০ টাকা

মিঃ চৌধুরী দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি সৃষ্টি করবেন বলে সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। নিম্নলিখিত লেনদেনগুলি জনাব খানের রেওয়ামিল হইতে নেয়া হলো ঃ

| | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|
| অনাদায়ী দেনা | ৪,০০০ | |
| বিবিধ দেনাদার | ১,৫০,০০০ | |
| অনাদায়ী দেনা সঞ্চিতি | | ৬,০০০ |

অবশিষ্ট দেনাদারের উপর ১০% অনাদায়ী দেনা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।
উপরোক্ত লেনদেনগুলির জাবেদা দাখিলা লিখুন।

৩। সামাদ ট্রেডার্স এর ২০১৭ সালের লেনদেনগুলো নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (১-১-২০১৭) | ২,৫০০ |
| অনাদায়ী পাওনা (৩১-১২-১০১৭) : | |
| লিখিত | ৪,০০০ |
| অলিখিত | ৩,০০০ |
| প্রাপ্য হিসাব (৩১-১২-২০১৭) | ৬৩,০০০ |

প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করুন।

করণীয়: ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি পরিমাণ নির্ণয় করুন।

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

গ. অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করুন।

উত্তর: ক. ৬,০০০ টাকা।

৪। রফিক ট্রেডার্স-এর ২০১৭ সালের লেনদেনগুলো নিম্নরূপ:

| | |
|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (০১-০১-১৭) | ১,৮০০ |
| অনাদায়ী পাওনা (৩১-১২-১৭) : | |
| লিখিত | ১,০০০ |
| অলিখিত | ৭০০ |
| প্রাপ্য হিসাব (৩১-১২-১৭) | ৪০,৭০০ |

প্রাপ্য হিসাবের উপর ৫% নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য কর।

করণীয় : ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি পরিমাণ নির্ণয় করুন।

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করুন।

গ. আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুন।

৫। ২০১৭ সালে রিমু ট্রেডার্সের প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সংক্রান্ত তথ্য দেয়া হলো:

অনাদায়ী পাওনা সঞ্চিতি (১.১.২০১৭) ৫,০০০ টাকা

লিখিত অনাদায়ী পাওনা ৬,০০০ টাকা

অলিখিত অনাদায়ী পাওনা ১০,০০০ টাকা

প্রাপ্য হিসাবের পরিমাণ ৭৪,০০০ টাকা

প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে।

করণীয় : ক. প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করুন। (অনাদায়ী পাওনা সঞ্চিতি বাদ দেয়ার পর)

খ. প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত করুন।

গ. আয় বিবরণী ও আর্থিক বিবরণী প্রস্তুত করুন।

উত্তর: ক. ৫৭,৬০০ টাকা; গ. আয় বিবরণী ১৭,৪০০ টাকা, আর্থিক অবস্থার বিবরণী ৫৭,৬০০ টাকা।

৬। ২০১৭ সালে জ্যোতি ট্রেডার্সের প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সংক্রান্ত তথ্য দেয়া হলো:

অনাদায়ী পাওনা সঞ্চিতি (১.১.২০১৭) ৪,০০০ টাকা

অনাদায়ী পাওনা ২,০০০ টাকা

লিখিতব্য অনাদায়ী পাওনা ৬,০০০ টাকা

প্রাপ্য হিসাবের পরিমাণ ৭৬,০০০ টাকা

প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে।

কারণীয় : ক. প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করুন। (অনাদায়ী পাওনা সঞ্চিতি বাদ দেয়ার পর)

খ. অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করুন।

গ. আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী তৈরি করুন।

উত্তর: ক. ৬৩,০০০ টাকা।

## উত্তরমালা : ৩

১. গ, ২. খ, ৩. ঘ, ৪. গ।